

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.natore.gov.bd

নম্বর ০৫.৪৩.৬৯০০.০১২.৯৯.০১৩.২২.৪

তারিখ: ১৮ পৌষ ১৪৩০

০২ জানুয়ারি ২০২৪

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৮৭৪ স্মারকে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্বাচনী এলাকায় নিম্নোক্ত সময়সূচিতে বর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

যানবাহনের নাম	সময় সূচি
১. ট্যাক্সি ক্যাব, পিক আপ, মাইক্রোবাস, ট্রাক	ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত।
২. মোটর সাইকেল	০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত।

০৩. উপরিলিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবেঃ

ক. আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

খ. জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

গ. আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

ঘ. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

ঙ. সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

চ. নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচলের অনুমতি প্রদান;

ছ. এছাড়া জাতীয় মহাসড়ক(Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃকপক্ষের অনুমতিক্রমে এ নিষেধাজ্ঞা শিথিলযোগ্য;



২-১-২০২৪

আবু নাছের ভূঞা

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: ০২৫৮৮৮-৭৩৭৪১

ফ্যাক্স: ০২৫৮৮৮-৭২৩১৭

ইমেইল:

dcnatore@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ২) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নাটোর
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ১০) জেলা নির্বাচন অফিসার, নাটোর
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), নাটোর (মাইকিং করার অনুরোধসহ)
- ১২) তথ্য অফিসার (রুটিন দায়িত্ব), জেলা তথ্য অফিস, নাটোর (মাইকিং করার অনুরোধসহ)
- ১৩) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ১৪) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ১৫), নাটোর